# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 30 April, 2025

বন্দর আব্বাসের ঘটনার পর এবার ইরানের ঐতিহাসিক ও কৌশলগত শহর ইসফাহানে একটি শিল্পগুদামে ভয়াবহ বিস্ফোরণের ঘটনা ঘটেছে।বুধবার (৩০ এপ্রিল) সকালে এ ঘটনায় একজন নিহত ও দুইজন আহত হয়েছেন বলে নিশ্চিত করেছে ইরানি কর্তৃপক্ষ।

সরকারি বার্তা সংস্থা মেহের নিউজ জানায়, বিস্ফোরণের পরপরই দমকল বাহিনী, অ্যাম্বুলেন্স এবং উদ্ধারকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করে।পুরো এলাকা নিরাপত্তার ঘেরাটোপে নেওয়া হয়েছে এবং সাধারণ মানুষকে নিরাপদ দূরত্বে সরিয়ে নেওয়া হয়।

**তদন্ত চলছে, কারণ অনির্ধারিত** ইরানি কর্মকর্তারা জানিয়েছেন, প্রাথমিকভাবে ঘটনাটি দুর্ঘটনাজনিত শিল্পগুদামের বিস্ফোরণ বলে মনে করা হচ্ছে।তবে এখনো পর্যন্ত বিস্ফোরণের নির্দিষ্ট কারণ প্রকাশ করা হয়নি।বিস্তারিত জানতে তদন্ত শুরু হয়েছে।

**কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ ইসফাহান** উল্লেখ্য, ইসফাহান শহরটি ইরানের অন্যতম গুরুত্বপূর্ণ শিল্প ও সামরিক উৎপাদন কেন্দ্র, যেখানে পারমাণবিক গবেষণা এবং সামরিক অবকাঠামো রয়েছে।অতীতে এ শহর আন্তর্জাতিক নজর কেড়েছে এর কৌশলগত অবস্থান ও পারমাণবিক কার্যক্রমের জন্য।

তবে এই বিস্ফোরণের সঙ্গে কোনো সামরিক বা পারমাণবিক স্থাপনার যোগসূত্র নেই বলেই প্রাথমিকভাবে মনে করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

বিস্ফোরণ শিল্পগুদাম বন্দর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:19

URL: https://www.timestodaybd.com/international/1677158884